

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৩৮.৯৫-

তারিখ:-----খ্রি:।

বিষয়ঃ মরহম মোঃ সাজ্জাদ হোসেন খান, প্রাক্তন অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং
লাম্পগ্রান্ট মঞ্জুরী।


যুব উন্নয়ন অধিদপ্তরধীন নেত্রকোণা জেলার খালিয়াজুরী উপজেলা কার্যালয়ের অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব মোঃ সাজ্জাদ হোসেন খান চাকুরিতে কর্মরত থাকা অবস্থায় ০৭-০১-২০১৮খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। মরহমের স্ত্রী জনাব শাহানা খানম পারিবারিক পেনশন এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন করেন। মরহমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ২২ বছর ০৩ মাস ২১ দিন এবং তিনি বিধি মোতাবেক ৭৯% হারে পেনশন প্রাপ্য। শেষ বেতন সনদ(এলপিসি) অনুযায়ী তিনি পূর্ণ গড় বেতনে ০১ বছর ১০ মাস ১০ দিন ও অর্ধ গড় বেতনে ০১ বছর ১০ মাস ১৩ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মরহমের মূল বেতন ১৭,৫২০/-টাকার ৭৯% হারে ১৩,৮৪০/৮০টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১৩,৮৪০/৮০ টাকার ১ম অর্ধাংশ ৬,৯২০/৪০ টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৬,৯২০/৪০X২৩০=১৫,৯১,৬৯২/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৬,৯২০/৪০টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ১৭,৫২০X১৮=৩,১৫,৩৬০/-টাকা লাম্পগ্রান্ট প্রাপ্য। উল্লেখ্য, উন্নয়ন প্রকল্পের চাকুরিকাল গণনা করে টাইমস্কেল সুবিধা গ্রহণের কারণে অতিরিক্ত উত্তোলিত বেতনভাতা বাবদ ২,১২,০৪৩/-(দুই লক্ষ বার হাজার তেতাশ্লিশ) টাকা কর্তনযোগ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-৩.০১ মোতাবেক প্রাপ্য আনুতোষিক হিসেবে ১৫,৯১,৬৯২/-টাকা হতে ২,১২,০৪৩/-টাকা কর্তন করে অবশিষ্ট (১৫,৯১,৬৯২-২,১২,০৪৩)=১৩,৭৯,৬৪৯/-(তের লক্ষ উনআশি হাজার ছয়শত উনপঞ্চাশ) টাকা আনুতোষিক ও মাসিক অবসরভাতা হিসেবে ৬,৯২০/৪০(ছয় হাজার নয়শত বিশ টাকা/৪০) টাকা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-১০(২)(খ) অনুযায়ী লাম্পগ্রান্ট বাবদ ৩,১৫,৩৬০/-(তিন লক্ষ পনের হাজার তিনশত ষাট) টাকাসহ সমুদয় অর্থ জনাব শাহানা খানম-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য নিম্নলিখিত কাগজপত্র এসজে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক)কপি
২	মৃত্যু সনদ	০১(এক)কপি
৩	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক)কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১(এক)কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিযাবক মনোনয়ন-এর প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৭	শেষ বেতন সনদ(এলপিসি)	০১(এক)কপি
৮	মূল চাকুরি বহি	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।



(আ, ন, আহম্মদ আলী)
যুগ্ম-সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
খালিয়াজুরী, নেত্রকোণা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৩৮.৯৫-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নেত্রকোণা
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, খালিয়াজুরী, নেত্রকোণা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। জনাব শাহানা খানম, স্বামীঃ মরহম মোঃ সাজ্জাদ হোসেন খান, মহল্লাঃ বাড়ীভাদেদা, ওয়ার্ড-০২, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা।
- ৭। অফিস কপি।


(মোঃ শাহাদাত হোসেন)
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার
ফোনঃ ৪৭১১০৬৭২।